



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা  
[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)



স্মারক নং-৩৭.০২.০০০০.১০৭.৯৯.১৪৬.২০২০/ ৪৬(১২)

তারিখ: ২৯/১১/২০২০ খ্রি.

বিষয়: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মশতবার্ষিকী উদ্‌যাপনে গৃহীত কর্মপরিকল্পনার অংশ হিসেবে 'বঙ্গবন্ধু ও আমাদের ভাষা আন্দোলন' শিরোনামে গ্রন্থ প্রকাশ উপলক্ষ্যে লেখা আহবান।

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আয়োজনে বর্ষব্যাপী কার্যক্রম পরিচালিত হচ্ছে। এ কার্যক্রমের ধারাবাহিকতায় পাকিস্তানের গোয়েন্দা সংস্থার Secret Documents-সহ বিভিন্ন প্রামাণ্য তথ্যের আলোকে মহান ভাষা আন্দোলনে বঙ্গবন্ধুর অবদানের উপর নির্ভর করে "বঙ্গবন্ধু ও আমাদের ভাষা আন্দোলন" নামে একটি গ্রন্থ প্রকাশের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। উক্ত উদ্যোগ বাস্তবায়নের লক্ষ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অধীন সকল সরকারি/বেসরকারি স্কুল, কলেজ ও দপ্তরের আগ্রহী শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীদের নিকট থেকে লেখা আহবান করা যাচ্ছে। আগামী ২৪ ডিসেম্বর, ২০২০খ্রি. তারিখের মধ্যে নিম্নোক্ত ই-মেইলে সফটকপি এবং প্রদত্ত ঠিকানায় হার্ডকপি পাঠানোর অনুরোধ করা হলো। সফটকপি NikoshBAN ব্যবহার করে MS Word ও PDF ফাইল আকারে পাঠাতে হবে। হার্ডকপিতে লেখকের স্বাক্ষর ও তারিখ দিয়ে অফিস প্রধানের অগ্রায়নসহ পাঠাতে হবে। খামের উপরে 'বঙ্গবন্ধু ও আমাদের ভাষা আন্দোলন' লিখতে হবে। উল্লেখ্য, প্রতিটি লেখা মৌলিক হওয়া আবশ্যিক। লেখায় ব্যবহৃত মতামত ও তথ্য-উপাত্তের দায় লেখকের নিজের। প্রয়োজনীয় ক্ষেত্রে তথ্যসূত্র উল্লেখ করতে হবে।

E-mail : [ddspecial.dshe@gmail.com](mailto:ddspecial.dshe@gmail.com)  
হার্ডকপি প্রেরণের ঠিকানা : উপ-পরিচালক (বিশেষ)  
কক্ষ নম্বর: ৫২৬  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
শিক্ষা ভবন,  
১৬, আবদুল গনি রোড, ঢাকা-১০০০।



(সৈয়দ মইনুল হাসান)  
উপ-পরিচালক (বিশেষ)  
ও

আহবায়ক  
লেখা আহবান ও গ্রন্থ প্রকাশনা উপকমিটি  
ফোন: ০২-৪১০৫০২৮৬।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
২. পরিচালক (সকল), আঞ্চলিক কার্যালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা।
৩. প্রকল্প/স্কিম পরিচালক/যুগ্ম পরিচালক (সকল) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ (তৌর কার্যালয়ের সকল কর্মকর্তা/কর্মচারীকে অবহিতকরণের অনুরোধসহ)।
৪. অধ্যক্ষ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরাধীন সকল কলেজ (তৌর প্রতিষ্ঠানের সকল শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীকে অবহিতকরণের অনুরোধসহ)।
৫. উপ-পরিচালক/সহকারী পরিচালক/গবেষণা কর্মকর্তা/শিক্ষা কর্মকর্তা (সকল) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৬. উপ-পরিচালক/সহকারী পরিচালক (সকল), আঞ্চলিক কার্যালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা।
৭. জেলা শিক্ষা অফিসার (সকল)।
৮. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)।
৯. প্রধান শিক্ষক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরাধীন সকল স্কুল (তৌর প্রতিষ্ঠানের সকল শিক্ষক/কর্মচারীকে অবহিতকরণের অনুরোধসহ)।
১০. পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
১১. জনাব .....
১২. সংরক্ষণ নথি।